গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পরিকল্পনা -১ শাখা
www.lgd.gov.bd

MUJIB 100

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০৯৩.০১৪.০১.০০.৪১৩.২০১৮-৮৪১

তারিখ: ১৩ পৌষ ১৪২৭
২৮ ডিসেম্বর ২০২০

**বিষয়: স্থানীয় সরকার বিভাগের আওতাধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) কর্তৃক বাস্তবায়নাধীন "BAN: Emergency Assistance Project (LGED Part)" শীর্ষক প্রকল্পের মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত**

সূত্র: এলজিইডি'র স্মারক নং-৪৬.০২.০০০০.৯৪২.১৪.০০৮.১৯(অংশ-১)/৪৫৪; তারিখ: ১৩/১২/২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, "BAN: Emergency Assistance Project (LGED Part)" শীর্ষক প্রকল্পটি এডিবি এর অনুদান সহায়তায় মোট ২৯৭.৩০ কোটি (দুইশত সাতানব্বই কোটি ত্রিশ লক্ষ) (জিওবি ৫০.৯০ কোটি এবং প্রকল্প সাহায্য ২৪.৪০ কোটি) টাকা প্রাক্কলিত ব্যয় এবং জুলাই ২০১৮ হতে ডিসেম্বর ২০২০ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য গত ০৯/১০/২০১৮ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। নভেম্বর ২০২০ পর্যন্ত প্রকল্পটির ক্রমপুঞ্জিত ভৌত অগ্রগতি ৩১.০০% এবং আর্থিক অগ্রগতি ৯৪.৮৫ কোটি টাকা (৩১.৯০%)।

২। প্রকল্পটি কক্সবাজার জেলার রোহিঙ্গা এলাকায় অবস্থিত হওয়ায় ক্যাম্প-ইনচার্জ, ইউ.এন এজেন্সি, এনজিও প্রভৃতির সাথে সমন্বয় সাধন করে রাস্তাসমূহের Alignment চূড়ান্ত করা, রাস্তাগুলো সম্পূর্ণ নতুন Alignment হওয়ায় Digital Survey ও Design করে স্কীম তৈরীতে অধিক সময় ব্যয় হওয়া, UNHCR, IOM কর্তৃক গৃহীত স্কীমের আংশিক কাজ বাস্তবায়নের ফলে একাধিকবার স্কীম পর্যালোচনা করে অধিক সময় ব্যয় হওয়া, কিছু প্যাকেজের দরপত্র আহবান করেও ঠিকাদার নির্বাচন করতে না পারা, বন অধিদপ্তর কর্তৃক কাজ বাস্তবায়নে বাধা প্রদান করায় ২টি প্যাকেজের কাজ নির্ধারিত সময়ে করতে না পারা সর্বোপরি করোনা ভাইরাসের প্রভাবে সৃষ্ট মহামারির কারণে কাজ বন্ধ থাকায় প্রকল্পের কাজ নির্ধারিত সময়ে সমাপ্ত করা সম্ভব নয়। ফলে প্রকল্পভুক্ত কাজ সুষ্ঠুভাবে সমাপ্ত করার লক্ষ্যে প্রকল্পের মেয়াদ ১ (এক) বছর অর্থাৎ ডিসেম্বর ২০২১ পর্যন্ত এবং ADB Grant No. BAN (SF)-0582 এর Closing date ১ (এক) বছর অর্থাৎ জুন ২০২২ পর্যন্ত বৃদ্ধির প্রস্তাব এডিবি-তে প্রেরণ করার জন্য ইআরডি-কে অনুরোধ জানানো হয়। ইআরডি হতে জানানো হয়েছে যে, এডিবি এ প্রকল্পের অনুদানের Closing date এর মেয়াদ এই মুহূর্তে বৃদ্ধি না করার সিদ্ধান্ত জানিয়েছে। তবে ইআরডি প্রকল্পটির বাস্তবায়ন মেয়াদ ০৬ (ছয়) মাস অর্থাৎ জুন ২০২১ পর্যন্ত বৃদ্ধির বিষয়ে সম্মতি প্রদান করেছে।

৩। এমতাবস্থায়, এডিবি এর অনুদান সহায়তায় এলজিইডি কর্তৃক বাস্তবায়নাধীন "BAN: Emergency Assistance Project (LGED Part)" শীর্ষক প্রকল্পের মেয়াদ ০৬ (ছয়) মাস অর্থাৎ জুলাই ২০১৮ হতে ডিসেম্বর ২০২০ এর পরিবর্তে জুলাই ২০১৮ হতে জুন ২০২১ পর্যন্ত বৃদ্ধির বিষয়ে সম্মতি/মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্তিঃ পূরণকৃত মেয়াদ বৃদ্ধির নির্ধারিত ছক ০১ (এক) প্রস্থ।


২৮/১২/২০২০
(মুহাম্মদ আমিন শরীফ)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৫৮০১২
planning1.lgd@gmail.com


সচিব
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
শেরে বাংলা নগর, ঢাকা।
(দৃঃ আঃ মহাপরিচালক, স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন সেক্টর)

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুযায়ী নয়):

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।,
৫। যুগ্মসচিব (পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।